খালেদা জিয়ার মুক্তির দাবিতে পোস্টার লাগালেন রিজভী

বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার মুক্তির দাবিতে পোস্টার লাগিয়েছেন দলের সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী।

বুধবার রাতে রাজধানীর উত্তরা-এয়ারপোর্ট এলাকার বিভিন্ন ভবন ও স্থাপনার দেয়ালে এসব পোস্টার লাগান তিনি। স্থানীয় নেতাকর্মীদের সঙ্গে নিয়ে রাত ৮টা থেকে ৩টা পর্যন্ত এসব এলাকার অলিগলি ঘুরে দেয়ালে দেয়ালে ‘খালেদা জিয়ার মুক্তি চাই’ লেখা পোস্টার সাঁটিয়েছেন তিনি।

এ বিষয়ে রিজভী সমকালকে বলেন, যে মামলায় অন্যরা জামিন পেয়েছেন, সেই একই মামলায় খালেদা জিয়াকে কারাগারে বন্দি রাখা হয়েছে। তাকে সুচিকিৎসার সুযোগ থেকে বঞ্চিত করে কারাগারে আটকে রেখে অমানবিক আচরণ করা হচ্ছে। অবিলম্বে খালেদা জিয়াকে তার পছন্দের হাসপাতালে সুচিকিৎসার সুযোগসহ নিঃশর্ত মুক্তির দাবি জানাচ্ছি।

এর আগে বিভিন্ন সময় রুহুল কবির রিজভী রাজধানীর বেশ কয়েকটি জায়গায় খালেদা জিয়ার মুক্তির দাবিতে ঝটিকা মিছিল করেছেন।